"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা


লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd


স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২৩/৬২২ তারিখ : ২৮ /০৩/২০২৩ খ্রি.

বিষয় ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা- ২০২৩ এর অনুসরণীয় বিষয়াবলি

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০২৩ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নে বর্ণিত বিষয়গুলোর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. কুমিল্লা শিক্ষাবোর্ড কর্তৃক সরবরাহকৃত এসএসসি পরীক্ষা-২০২৩ পরিচালনা সংক্রান্ত পুস্তিকায় বর্ণিত নীতিমালা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন করতে হবে।

২. ক. এসএসসি পরীক্ষা কেন্দ্রের চারপাশে ২০০ গজ বেষ্টনীর মধ্যে পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তি/ব্যক্তিদের চলাচল নিষিদ্ধ করার জন্য ১৪৪ ধারা কঠোরভাবে বলবৎ নিশ্চিত করতে হবে।

খ. শিক্ষা মন্ত্রণালয়/শিক্ষাবোর্ড/জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন কর্তৃক অনুমোদিত ব্যক্তি, দায়িত্বরত শিক্ষকমন্ডলী এবং পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য কেউ যাতে পরীক্ষা চলাকালীন কেন্দ্রের বেষ্টনীর মধ্যে অবস্থান করতে না পারে তা নিশ্চিত করতে হবে।

গ. কোন কেন্দ্রে বহিরাগত/অবাঞ্ছিত লোকের সমাগম ঘটলে অথবা আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটার সম্ভাবনা দেখা দিলে তাৎক্ষণিকভাবে স্থানীয় প্রশাসন এবং শিক্ষাবোর্ডকে অবহিত করতে হবে।

৩. পরীক্ষা কেন্দ্রে প্রবেশ ও পরীক্ষা কার্যক্রম সংক্রান্ত সময়সূচি:

(ক) নিয়মিত ও অনিয়মিত সকল পরীক্ষার্থী ২০২৩ সনের পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) পরীক্ষা কেন্দ্রে প্রবেশের আগেই কেন্দ্র/ভেন্যুর গেইটে পরীক্ষার্থীদের দেহ তল্লাশী করে প্রবেশ করাতে হবে। তবে দেহ তল্লাশীর সময় সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে কোন পরীক্ষার্থী বিব্রতকর অবস্থায় না পড়ে। ছাত্রীদের দেহ তল্লাশী অবশ্যই মহিলা শিক্ষক দ্বারা করাতে হবে।

(গ) প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে বাধ্যতামূলকভাবে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।

(ঘ) পরীক্ষার সময় ০৩ ঘন্টা : পরীক্ষা বিরতিহীনভাবে প্রশ্নপত্রে উল্লিখিত সময় পর্যন্ত চলবে। (MCQ) এবং (CQ) উভয় অংশের পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।

* ৩০ নম্বরের বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩০ মিনিট।

* ব্যবহারিক বিষয় সম্বলিত পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের বহুনির্বাচনি (MCQ) অংশের জন্য ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল (CQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২ ঘন্টা ৩৫ মিনিট।

* সকাল ১০.০০টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে
সকাল ০৯.৩০মি. অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শিট বিতরণ।
সকাল ১০.০০টা বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ ।
সকাল ১০.৩০মি. বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শিট ) সংগ্রহ (তবে ২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার এ সময় ১০.২৫ মিনিট) ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

(ঙ) প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া যাবে না।

(চ) বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রবেশপত্র গ্রহণ করার পরের দিন অবশ্যই সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহে বিতরণ করতে হবে; যাতে কোন গড়মিল, অসঙ্গতি বা ভুলত্রুটি থাকলে বোর্ডে যোগাযোগ করে সংশোধন করা যায়। অন্যথায় কেন্দ্র সচিব দায়ী থাকবেন।

৪. কেন্দ্র বিদ্যালয়ের পরীক্ষার্থীর আসন বিন্যাস:

(ক) কেন্দ্রের নিজস্ব বিদ্যালয়ের পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠানে পরীক্ষা দিতে পারবে না।

(খ) কেন্দ্র স্কুলের পরীক্ষার্থীদের পরীক্ষা মূল কেন্দ্রের ক্যাম্পাসের বাইরে নিকটবর্তী হাই স্কুল ভেন্যুতে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে কেন্দ্র স্কুলের পরীক্ষার্থীদের সাথে অন্য দু'একটি স্কুলের পরীক্ষার্থীদের সমন্বয়ে আসন বিন্যাস করতে হবে।

(গ) নিকটবর্তী দূরত্বে অন্য কোন হাই স্কুল না থাকলে কেন্দ্র স্কুলের পরীক্ষার্থীদের পরীক্ষা মূল কেন্দ্রের ক্যাম্পাসের বাইরে পার্শ্ববর্তী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে (প্রাথমিক বিদ্যালয়/ মাদ্রাসা/ কলেজ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্ধারিত সুরক্ষিত (Protected) ও নিরাপদ আলাদা ভেন্যুতে অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে কেন্দ্র স্কুলের পরীক্ষার্থীদের সাথে অন্য দু'একটি স্কুলের পরীক্ষার্থীদের সমন্বয়ে আসন বিন্যাস করতে হবে।

(ঘ) কোন কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ার কারণে একাধিক প্রতিষ্ঠানে আসন বিন্যাস/ভেন্যু করলে ঐসব প্রতিষ্ঠানের তালিকা ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পাঠাতে হবে।

(ঙ) কোন ভেন্যুতে যেসব স্কুলের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেসব স্কুল ছাড়া অন্য কোন স্কুলের একজন প্রধান শিক্ষককে ভেন্যুর সহকারী কেন্দ্র সচিব নিয়োগ করতে হবে।

৫. পরীক্ষা কক্ষে আসন বিন্যাস ও কক্ষ পর্যবেক্ষণ:

(ক) কোন স্কুলের পরীক্ষার্থীদের কক্ষে সে স্কুলের শিক্ষকদেরকে কোনভাবেই কক্ষ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ দেয়া যাবে না এবং যেদিন যে বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে সেদিন সে বিষয়ের কোন শিক্ষককে কক্ষ পর্যবেক্ষক/পরীক্ষা সংক্রান্ত কোন দায়িত্ব দেয়া যাবে না।

(খ) যে সকল কেন্দ্রে কোন শিক্ষক ও কর্মচারীর ছেলে/মেয়ে/পোষ্য এসএসসি পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করবে, সে সকল কেন্দ্রে সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারী কোন অবস্থাতেই কক্ষ পর্যবেক্ষণ/ পরীক্ষা সংক্রান্ত কোন দায়িত্ব পালন করতে পারবেন না।

(গ) প্রতি ৫ ফুট/ ৬ ফুট দৈর্ঘ্যের বেঞ্চে দুইজন অথবা ৩ফুট /৪ ফুট দৈর্ঘ্যের বেঞ্চে একজন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে। একই বেঞ্চে একই প্রতিষ্ঠানের দুই জন পরীক্ষার্থীকে বসানো যাবে না।

(ঘ) প্রতি ২০ জন পরীক্ষার্থীর জন্য একজন পর্যবেক্ষক নিয়োগ করতে হবে। তবে কোন কক্ষে ২(দুই) জনের কম পর্যবেক্ষক নিয়োগ করা যাবে না।

(ঙ) পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর পরীক্ষা পরিচালনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ/কক্ষ পর্যবেক্ষক যথানিয়মে পরীক্ষা কেন্দ্রে তাঁদের স্ব-স্ব দায়িত্ব পালন করবেন। অযথা এক কক্ষ থেকে অন্য কক্ষে বা বারান্দায় ঘুরাফেরা করা যাবে না। এ বিষয়টি কেন্দ্র সচিবকে নিশ্চিত করতে হবে।

(চ) পরীক্ষা কেন্দ্র/ভেন্যুর পরীক্ষা পরিচালনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, কক্ষ পর্যবেক্ষক ও সহায়ক কর্মচারী সবাইকে পরীক্ষা কেন্দ্রে দায়িত্বরত অবস্থায় তাঁদের ছবিসহ নাম, পদবী, বিষয় ও প্রতিষ্ঠানের নাম উল্লেখপূর্বক ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্রসচিব স্বাক্ষরিত পরিচয়পত্র বহন করতে হবে।

৬. মোবাইল ফোন ও ক্যালকুলেটর :

(ক) কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব শুধুমাত্র ফিচার ফোন (স্মার্ট ফোন ব্যতীত) ব্যবহার করতে পারবেন।

(খ) পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে এবং এনালগ ঘড়ি সাথে রাখতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে না।

চলমান পাতা-২

৭. প্রশ্নপত্র গ্রহণ ও বিতরণ :

(ক) সুরক্ষিত ও সংরক্ষিত স্থান থেকে প্রশ্নপত্র গ্রহণের সময় নির্দিষ্ট দিন ও তারিখ অনুযায়ী ঐ দিনের প্রশ্নপত্র সকাল ৮ টার সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে যাচাই-বাছাই করে কেন্দ্রওয়ারী রেজিস্টারে লিখে গ্রহণ করতে হবে, যাতে ভুলক্রমে ভিন্ন বিষয় ও সেট খোলা বা ব্যবহৃত না হয়। এছাড়া প্রশ্নপত্র খোলা এবং পুনরায় গালাসিল করার সময় সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে কঠোর সতর্কতা ও নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোনভাবে গোপনীয় কাগজপত্রের নিরাপত্তা বিঘ্নিত হলে তার দায় সংশ্লিষ্ট সকলকে বহন করতে হবে।

(খ) প্রতিদিন **SMS** এর মাধ্যমে ঐদিনের নির্ধারিত সেটকোড প্রাপ্তির পর কেন্দ্রসচিব ও ট্যাগ অফিসারের উপস্থিতিতে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে এবং প্রশ্নপত্র খোলার সার্টিফিকেটে সংশ্লিষ্টদের স্বাক্ষর নিশ্চিত করতে হবে।

(গ) কেন্দ্র সচিবের তত্ত্বাবধানে সহকারী কেন্দ্র সচিব/হলসুপারগণ প্রশ্নপত্রের প্যাকেট খোলা ও কক্ষ অনুযায়ী প্রশ্নপত্র গণনা, পরীক্ষা শেষে নৈর্ব্যত্তিক **OMR**, লিখিত উত্তরপত্রের **OMR** কক্ষ অনুযায়ী জমা নেওয়ার কাজ সম্পন্ন করবেন। তবে তারা পরীক্ষা চলাকালীন সময়ে অহেতুক পরীক্ষা কক্ষে/কেন্দ্রের অভ্যন্তরে ঘুরাঘুরি করতে পারবেন না। কোনভাবেই পরীক্ষা পরিচালনার সাথে সংশ্লিষ্ট সহায়ক কর্মচারীগণ প্রশ্নপত্রের প্যাকেট খোলা/গণনার দায়িত্ব পালন করতে পারবে না।

(ঘ) প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না। নৈর্ব্যক্তিক অভীক্ষায় পরপর বা পাশাপাশি রোলনম্বরধারী পরীক্ষার্থীরা যাতে একই সেটে পরীক্ষা দিতে না পারে তা নিশ্চিত করতে হবে। রোল নম্বরের ক্রমানুসারে পরীক্ষার্থীরা যাতে পর্যায়ক্রমে ক, খ, গ এবং ঘ সেটের প্রশ্নপত্রে পরীক্ষা দেয় তা অবশ্যই নিশ্চিত করতে হবে। এর ব্যতিক্রম ঘটলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফলাফল বাতিলসহ কেন্দ্রের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. প্রতিবন্ধী ও বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক, ডাউন সিনড্রোম বা সেরিব্রালপলসি) পরীক্ষার্থীদের বিশেষ সুবিধা:

(ক) শ্রুতি লেখক নিয়ে পরীক্ষায় অংশগ্রহণকারী, বুদ্ধি প্রতিবন্ধী, শ্রবণ প্রতিবন্ধী (মুক ও বধির) পরীক্ষার্থীদের জন্য প্রশ্নপত্রে নির্ধারিত সময়ের অতিরিক্ত ২০ মিনিট সময় বৃদ্ধি করা যাবে।

(খ) এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৮০০ তারিখ ১৬ ফেব্রুয়ারি ২০১৬ এর নির্দেশনা মোতাবেক জাতীয় ও পাবলিক পরীক্ষা সমূহে বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক, ডাউন সিনড্রোম বা সেরিব্রালপলসি) পরীক্ষার্থীদের ক্ষেত্রে অন্যান্য পরীক্ষার্থীদের তুলনায় ১০% (তিন ঘন্টার পরীক্ষার ক্ষেত্রে ৩০ মিনিট) অতিরিক্ত সময় বৃদ্ধি করা যাবে।

বি:দ্র: প্রতিবন্ধী পরীক্ষার্থীদের উত্তরপত্র আলাদা প্যাকেট করে এ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে।

(গ) শ্রুতি লেখক সংগে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য এসএসসি পরীক্ষা-২০২৩ পরিচালনা সংক্রান্ত নীতিমালার ধারা (৪.৯ - ৪.১৪) পর্যন্ত যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৯. দৈনিক পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে সৃজনশীল উত্তরপত্র ও **OMR** এর ব্যান্ডেল বোর্ড নির্দেশিত নিয়ম অনুসরণ করে যথাযথভাবে প্যাকেট করে ঐ দিনেই উত্তরপত্রগুলো শিক্ষাবোর্ডে হাতে হাতে/ডাকযোগে/রেলযোগে অবশ্যই প্রেরণ করতে হবে। হাতে হাতে জমা দেওয়ার ক্ষেত্রে উত্তরপত্র ও ওএমআর যথাযথ ভাবে প্যাকেট করে পরীক্ষা পরিচালনা কমিটির একজন সদস্য (শিক্ষক) ও পুলিশ প্রহরায় আনতে হবে। ডাকযোগে/রেলযোগে প্রেরণ করলে তারিখ অনুযায়ী প্রতিদিনের রসিদ সংরক্ষণ করতে হবে। (তবে যেকোন বিশেষ পরিস্থিতিতে বোর্ডের তাৎক্ষণিক নির্দেশনা মোতাবেক উত্তরপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে)।

১০. কোন পরীক্ষার্থীর উত্তরপত্র জমা না দিয়ে হল ত্যাগ করার কোন ঘটনা ঘটলে কক্ষ পর্যবেক্ষক তাৎক্ষনিক বিষয়টি লিখিতভাবে কেন্দ্র সচিবকে অবহিত করবেন। কেন্দ্র সচিব অনতিবিলম্বে স্থানীয় থানায় বিষয়টি সম্পর্কে সাধারণ ডায়রি করবেন এবং সাধারণ ডায়রির (জিডি) কপিসহ সেদিনই বিশেষ বাহক মারফত পরীক্ষা নিয়ন্ত্রক-এর নিকট একটি প্রতিবেদন পাঠাবেন।

১১. পরীক্ষার দিনগুলোতে পরীক্ষার্থী অনুযায়ী মূল ও অতিরিক্ত উত্তরপত্রের যাতে ঘাটতি না হয় সে বিষয়ে কেন্দ্র সচিবকে পরীক্ষা শুরু হবার পূর্বের দিন কেন্দ্রে সংরক্ষিত মূল ও অতিরিক্ত উত্তরপত্র গণনা পূর্বক নিশ্চিত হতে হবে।

১২. ঝড় বৃষ্টির সময়ে আলোর অভাবে পরীক্ষার হলে যাতে পরীক্ষার্থীর কোন অসুবিধা না হয় সে জন্যে পরীক্ষা শুরুর আগেই সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বাল্ব/ মোমবাতি/ চার্জার লাইট/আইপিএস ইত্যাদির ব্যবস্থা রাখতে হবে।

১৩. সর্বোপরি শিক্ষা মন্ত্রণালয়/শিক্ষাবোর্ড/সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের জারিকৃত সকল আদেশ/নির্দেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৮/০৩/২৩

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬১৭২

ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব
এ বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২৩ এর
অনুমোদিত সকল কেন্দ্র

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২৩/৬২২ (৯)

তারিখ : ২৮/০৩/২০২৩ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩. জেলা প্রশাসক, কুমিল্লা / চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৪. পুলিশ সুপার, কুমিল্লা /চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৫. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/ নোয়াখালী/ ফেনী/ লক্ষ্মীপুর
৬. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (বিষয়টি চেয়ারম্যান মহোদয়কে গোচরীভুত করার জন্য)
৯. সংরক্ষণ নথি।

28/03/2023

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬৪৬১
ইমেইলঃ **dc.ssc@comillaboard.gov.bd**